দৈনিক ইনকিলাব

তারিখ 30 SEP 199…
পৃষ্ঠা 1 কলাম 3

3

# টেক্সট বুক বোর্ডে এখনো অনিয়ম ও দুর্নীতি

॥ ইনকিলাব রিপোর্ট ॥

জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট বুক বোর্ডের অভ্যন্তরে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতি এখনো অব্যাহত রয়েছে। উল্লেখ্য, দৈনিক ইনকিলাব-এ গত ৪ জুলাই সংখ্যায় এ ব্যাপারে একটি প্রতিবেদন ছাপা হওয়ার পর কর্তৃপক্ষ কতিপয় ব্যবস্থা গ্রহণ করলেও আজ পর্যন্ত তা কার্যকর হয়নি। বরং নতুন করে আবার বিভিন্ন অনিয়ম শুরু হয়েছে।

উল্লেখ্য যে, দৈনিক ইনকিলাবে ঐ রিপোর্ট প্রকাশিত হবার পর ৯ জুলাই বোর্ডের চেয়ারম্যানের কক্ষে এক সালিসী বৈঠক অনুষ্ঠিত হয়। সালিসী বৈঠকে অভিযুক্ত [illegible] বিরুদ্ধে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকাশ, মেসার্স প্রিন্টার্স কনসার্টিয়ামকে বোর্ড কর্তৃক বই ছাপার জন্য যে ৫১৫ রীম এবং কভার ছাপার জন্য আরো ২৬ রীম কাগজ দেয়া হয়েছিলো, উক্ত প্রতিষ্ঠান বই সরবরাহ না করে কাগজ বাইরে বিক্রি করে। ৯ জুলাই অনুষ্ঠিত সালিসী বৈঠকে উক্ত প্রতিষ্ঠানকে ১০ হাজার টাকা জরিমানাসহ কাগজের মূল্যসহ মোট ৫ লাখ ৪৯ হাজার ৮শ' ৪ টাকা বোর্ডকে পরিশোধ করার নির্দেশ দেয়া হয়। এর মধ্যে ২ লাখ ৭৪ হাজার ৯শ' ২ টাকা ৩১ জুলাইয়ের মধ্যে বোর্ডকে অবশ্যই

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## টেক্সট বুক বোর্ড

প্রথম পৃষ্ঠার পর

পরিশোধ করার কথা উল্লেখ থাকে এবং বাকী অর্ধেক প্রতি মাসে সমান পাঁচ কিস্তিতে বোর্ডকে পরিশোধ করতে বলা হয়। কিন্তু সময়সীমা উত্তীর্ণ হওয়ার পর এ বাবদে কোন টাকা পরিশোধ করা হয়নি বলে জানা গেছে।